৩য় প্রান্তিক মূল্যায়ন-২০২৬

মডেল টেস্ট প্রশ্নপত্র

“এবিসি” সরকারি প্রাথমিক বিদ্যালয়

শ্রেণিঃ পঞ্চম

বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

১. বহুনির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তরটি খাতায় লেখ): ১ × ১০ = ১০

১) গণতান্ত্রিক আচরণের মূল/প্রধান পূর্বশর্ত কোনটি?

(ক) নিজের মতামতকে প্রাধান্য দেওয়া (খ) অন্যের মতামতকে গুরুত্ব দেওয়া

(গ) যার যা পছন্দ হয় তার চর্চা করা (ঘ) নিজের মতো সিদ্ধান্ত নেওয়া

২) শ্বাসমূল ও ঠেসমূল জন্মায় কোন বনের উদ্ভিদে?

(ক) সুন্দরবনে (খ) জলাবনে (গ) চিরসবুজ বনে (ঘ) পাতঝরা বনে

৩) রান্নার কাজে জ্বালানি হিসেবে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস কোন ধরনের সম্পদ?

(ক) বনজ সম্পদ (খ) খনিজ সম্পদ (গ) নবায়নযোগ্য সম্পদ (ঘ) সমুদ্র সম্পদ

৪) বিনিয়োগ বৃদ্ধির সুফল কোনটি?

(ক) কর্মসংস্থান বৃদ্ধি (খ) আমদানি বৃদ্ধি (গ) দ্রব্যমূল্য বৃদ্ধি (ঘ) সঞ্চয় বৃদ্ধি

৫) সড়ক পথে যোগাযোগের প্রধান বাহন কোনটি?

(ক) লঞ্চ (খ) ট্রেন (গ) বাস (ঘ) উড়োজাহাজ

৬) চিরসবুজ বনের প্রধান বৈশিষ্ট্য কোনটি?

(ক) পাতা সবসময় সবুজ থাকে (খ) সব সময় গাছে পাতা থাকে

(গ) শীতকালে পাতা ঝরে যায় (ঘ) সব সময় পাতা ঝরে যায়

৭) কোনো ব্যক্তির আয়ের অর্থ ভবিষ্যতে কীভাবে খরচ করা হবে— এই পরিকল্পনাকে কী বলে?

(ক) সঞ্চয় (খ) বিনিয়োগ (গ) মুনাফা (ঘ) বাজেট

৮) একই স্থান থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখতে চাইলে তোমাকে কোথায় যেতে হবে?

(ক) কুয়াকাটা (খ) ময়নামতি (গ) পতেঙ্গা (ঘ) জাফলং

৯) সমুদ্র সম্পদ ব্যবহারের সর্বোত্তম উপায় কোনটি?

(ক) সঠিক উপায়ে সম্পদ আহরণ (খ) জাহাজ চলাচল সীমিত করা

(গ) মাছ আহরণ সীমিত করা (ঘ) সামুদ্রিক মাছের ব্যবহার হ্রাস করা

১০) অধিক বৈদেশিক মুদ্রা অর্জনের উদ্দেশ্যে বিদেশে কী ধরনের জনবল পাঠানো উচিত?

(ক) দক্ষ জনবল (খ) অল্প দক্ষ জনবল (গ) অদক্ষ জনবল

(ঘ) প্রশিক্ষণবিহীন জনবল

২. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো: ১ × ৫ = ৫

১. প্রত্যেকের মতামতকে সম্মান প্রদান করতে জানা .....।
২. গাছপালা মাটির ..... রোধ করে।
৩. গ্যাস বাংলাদেশের প্রধান ..... সম্পদ।
৪. বিদেশে কর্মরত বাংলাদেশের শ্রমিকদের অধিকাংশই ..... শ্রমিক।
৫. জলোচ্ছ্বাস একটি ..... দুর্যোগ।

৩. বাক্যটি শুদ্ধ হলে 'স' এবং অশুদ্ধ হলে 'মি' লেখ: ১ × ৫ = ৫

১. পায়রা বাংলাদেশের অন্যতম নদীবন্দর।
২. কারিগরি শিক্ষা গ্রহণ দক্ষ জনশক্তি তৈরি করে।
৩. নদ-নদী সমুদ্র সম্পদের অন্তর্ভুক্ত।
৪. জিপিএস-এর মাধ্যমে নিখুঁতভাবে কোনো কিছুর অবস্থান নির্ণয় করা যায়।
৫. লবণ ও মাছ বাংলাদেশের গুরুত্বপূর্ণ সামুদ্রিক সম্পদ।

৪. বাম পাশের শব্দগুচ্ছের সাথে ডান পাশের শব্দের মিল করো: ১ × ৫ = ৫

বাম পাশ:	ডান পাশ:
(ক) কারিগরি শিক্ষা	১. প্রকৌশলী/ইঞ্জিনিয়ার
(খ) কৃষি শিক্ষা	২. ইলেকট্রিশিয়ান
(গ) বৃত্তিমূলক শিক্ষা	৩. আইনজীবী
(ঘ) সাধারণ শিক্ষা	৪. পশু চিকিৎসক
(ঙ) স্বাস্থ্য শিক্ষা	৫. শিক্ষক
	৬. চিকিৎসক
	৭. নার্স

৫. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৭টি থেকে যেকোনো ৫টি উত্তর দাও): ৩ × ৫ = ১৫

১. সহনশীলতা আমাদের কী শেখায় এবং সহনশীলতা বলতে কী বোঝায়?
২. বাংলাদেশে সাধারণত কী কী ধরনের যোগাযোগ ব্যবস্থা চালু আছে?
৩. ম্যানগ্রোভ বনের প্রধান তিনটি বৈশিষ্ট্য লেখ।
৪. প্রাকৃতিক গ্যাস মানুষের কী কী দৈনন্দিন ও শিল্প কাজে ব্যবহার হয়?
৫. জনসংখ্যাকে জনশক্তিতে পরিণত করার তিনটি প্রধান উপকারিতা লেখ।
৬. তিনটি প্রচলিত বা জনপ্রিয় বৃত্তিমূলক শিক্ষার নাম লেখ।
৭. অর্থনৈতিক জীবনে ব্যাংকের প্রধান তিনটি কাজ কী কী?

৬. বর্ণনামূলক প্রশ্ন (৭টি থেকে যেকোনো ৫টি উত্তর দাও): ৬ × ৫ = ৩০

১. শ্রেণিকক্ষে সহপাঠীদের প্রতি সহনশীল আচরণের নিয়মসমূহ বর্ণনা করো। স্কুলে শ্রেণি নেতা বা ক্যাপ্টেন নির্বাচনের ক্ষেত্রে তুমি কীভাবে গণতান্ত্রিক চর্চা করবে? (৩ + ৩ = ৬)
২. বাংলাদেশে বিভিন্ন প্রকার যোগাযোগ ব্যবস্থার অর্থনৈতিক গুরুত্ব আলোচনা করো।

জিপিএস (GPS) প্রযুক্তি কীভাবে যাতায়াত ব্যবস্থায় সাহায্য করে? (৪ + ২ = ৬)

৩. পরিবেশের সার্বিক ভারসাম্য রক্ষায় বনভূমির ভূমিকা ব্যাখ্যা করো। প্রাকৃতিক পর্যটন কেন্দ্রগুলোর সৌন্দর্য ও পরিবেশ সংরক্ষণে তোমার করণীয় কী?

(৩ + ৩ = ৬)

৪. যেকোনো দেশের জাতীয় অর্থনীতিতে বনজ সম্পদের গুরুত্ব লেখ। প্রাকৃতিক সম্পদ ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণের ৩টি উপায় বর্ণনা করো। (৩ + ৩ = ৬)

৫. দেশের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করতে জনসংখ্যাকে কীভাবে দক্ষ জনসম্পদে পরিণত করা যায়? বাংলাদেশে প্রচলিত বিভিন্ন পেশার জনসম্পদের বিবরণ দাও।(৩+৩ =৬)

৬. তুমি বাবার কাছ থেকে ৮০ টাকা, মায়ের কাছ থেকে ৬০ টাকা এবং ভাইয়ের কাছ থেকে ৩০ টাকা পেয়েছ। স্কুলের টিফিন, খাতা, কলম ও পেন্সিল কেনার ব্যয় দেখিয়ে একটি ব্যক্তিগত আয়-ব্যয়ের বাজেট প্রস্তুত করো। (১+৫=৬)

৭. জলোচ্ছ্বাসপ্রবণ উপকূলীয় এলাকায় দুর্যোগের পূর্ববর্তী ও পরবর্তী সময়ে সরকারি ও বেসরকারি সংস্থার কাজের বিবরণ দাও। (৩ + ৩ = ৬)

----------o----------